

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৬২

কৈলাসহর, ২২ জানুয়ারি, ২০২৪

কৈলাসহরে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন

কৈলাসহরে গতকাল যথাযোগ্য মর্যাদায় ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে এ উপলক্ষে রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠান মাঠে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কৈলাসহর পুরপরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সহকারি সভাপতি শ্যামল দাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা বিশ্বজিৎ দেব প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপনের তাৎপর্য নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার। সভাপতিত্ব করেন রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক অসীম চক্রবর্তী। ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে অনুষ্ঠিত হয় বাগিচা প্রতিযোগিতা। বাগিচা প্রতিযোগিতার বিষয় ছিল ‘আত্মনির্ভর ত্রিপুরা’। ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষে এদিন এক বর্ণাত্য র্যালি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\*\*\*\*\*